গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

বিষয় ঃ নভেম্বর ও ডিসেম্বর/২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	বেগম শামছুন নাহার সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১৮.০১.২০১৭, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রবাসী কল্যাণ ব্যাংক এর নবাগত ব্যবস্থাপনা পরিচালককে সভাপতি স্বাগত জানান এবং মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। সভায় গত ১৩-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত ঃ

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	ক) দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (ই-ফাইলিং) জানান, সকল কর্মকর্তাদের ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের হাতে কলমে ই-ফাইলিং বিষয়ক অনুশীলন অব্যাহত রাখার লক্ষ্যে ১০টি ব্যাচে বিভক্ত করে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ই-ফাইলিং চালু করার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ উন্নতমানের ডেস্কটপ প্রয়োজন হবে মর্মে সভায় আলোচনা করা হয়। সভাপতি ই-টেন্ডারিং এর মাধ্যমে কম্পিউটার ক্রয় করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সহকারী প্রোগ্রামার ই-ফাইলিং প্রবর্তনের বিষয়ে বলেন, ইন্টারনেট কানেক্টিভিটি দ্রুতগতিসম্পন্ন এবং নিরবিচ্ছিন্ন হতে হবে। সে লক্ষ্যে এ মন্ত্রণালয়ে বিদ্যমান বিটিসিএল সংযোগ এর পাশাপাশি ব্যাক-আপ হিসাবে বেসরকারি সংযোগ নেওয়া যেতে পারে। সভাপতি বলেন, ব্যাক-আপ হিসাবে ০২ এর অধিক ইন্টারনেট সংযোগ রাখা হলে নিরবচ্ছিন্ন ইন্টারনেট প্রবাহ নিশ্চিত করা সম্ভব হবে। মন্ত্রণালয়ের সকল উইং চিফের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, ই-ফাইলিং চালু করার প্রস্তুতি হিসাবে কোন উইং এর কি কি সমস্যা আছে তা লিখিত ভাবে প্রশাসনকে জানাতে হবে।	১) আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে ই-ফাইলিং প্রবর্তন করতে হবে। ২) বিটিসিএল এর ইন্টারনেট সংযোগ এর পাশাপাশি আরও ০২টি প্রতিষ্ঠান থেকে ব্যাক-আপ হিসাবে ইন্টারনেট সংযোগ নিতে হবে। ৩) ই-ফাইলিং ব্যবস্থা চালু করার পূর্বে কোন উইং এ কি কি সমস্যা আছে তা লিখিতভাবে প্রশাসন শাখাকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে জানাতে হবে।	ক) উইং চীফ(সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (ই-ফাইলিং) ও সহকারী প্রোগ্রামার
	খ)অনলাইন/সহজীকৃত সেবার তালিকা প্রস্তুত পূর্বক নির্ধারিত সময়ের আগেই ইনোভেশন টিমের নিকট জমা দিতে হবে।	খ) মন্ত্রণালয়ের ইনোভেশন টীমের সভাপতি বলেন, বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৭ তালিকা পাওয়া গিয়েছে। দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনা ২০১৭ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।একই সাথে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৬ এর অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	খ) বার্ষিক কর্মপরিকল্পনা, ২০১৭ এর অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	খ) দপ্তর/সংস্থা ও ইনোভেশন টীম

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	গ) সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ বিষয়ে জরুরী পদক্ষেপ নিতে হবে। ঘ) নির্ধারিত দায়িত্ব মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে।	গ) মন্ত্রণালয়ের প্রবেশ মুখে পত্র গ্রহণ ও প্রেরণ কেন্দ্রে "সেবা নিন, মতামত দিন" নামে নির্ধারিত ফর্মে মতামত গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি দপ্তর/সংস্থাকে অনুরূপভাবে মতামত গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। ঘ) ইস্যুভিত্তিক ম্যাট্রিক্স বিষয়ে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA) জানান,পূর্ববর্তী বছরের চেয়ে এ বছরের প্রথম ০৬ মাসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের হার অধিক সন্তোষজনক। পূর্বের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে এবং সকলকে দায়িত্ব নির্ধারণ করে দেয়ার ফলে অগ্রগতি ভাল হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।	গ) দপ্তর/সংস্থা সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ বিষয়ে জরুরী পদক্ষেপ নিবে। ঘ) নির্ধারিত সময়ের মধ্যে APA এর সকল লক্ষ্য অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে।	গ) দপ্তর/সংস্থা ঘ) অনুবিভাগ প্রধান (সকল) ও দপ্তর/সংস্থা
১.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	ক) অতিসত্বর মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে NSSS বিষয়ে কর্মশালা আয়োজন করতে হবে। খ) মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ মডিউলে NSSS বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। গ) মন্ত্রণালয়ের প্রকল্প বাছাই কমিটিতে NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অর্ন্তভুক্ত করতে হবে।	ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NSSS) জানান, National Social Security Strategy (NSSS) of Bangladesh-2015 বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে একটি ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রণালয়ের উইং প্রধানগণ, যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা, আওতাধীন দপ্তর প্রধানগণ, মন্ত্রণালয়ের NSSS কমিটির সদস্যবৃন্দ, মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, ILO এর প্রতিনিধি, সামাজিক নিরাপত্তা পলিসি সাপোর্ট প্রোগ্রাম (SSPS)এর NPD-সহ অন্যান্য প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় এ মন্ত্রণালয়ের NSSS এর আওতায় গৃহীত বিভিন্ন কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত হন যে, • বর্তমানে এ মন্ত্রণালয়ের যেসকল কর্মসূচিকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অন্তর্ভূক্ত করা হয়েছে তা যথাযথ হয়েছে। • যদিও বর্তমানে এ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য সরকারি বাজেট বরাদ্দ নেই তবে ভবিষ্যতে NSSS এর আওতায় প্রকল্প গ্রহণপূর্বক বাজেট বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। • পৃথিবীর অন্যান্য অভিবাসী কর্মী প্রেরণকারী দেশের ন্যায় বাংলাদেশে অভিবাসী কর্মীদের পেনশন ও ইন্স্যুরেন্সের আওতায় আনয়ন সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা যেতে পারে। • এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সামাজিক কর্মসূচির প্রকৃতির উপর ভিত্তি করে মন্ত্রণালয়কে "মানব উন্নয়ন ও সামাজিক	ক) NSSS এর আওতায় যাচাইঅন্তে প্রকল্প গ্রহণপূর্বক বাজেট বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। খ) এ মন্ত্রণালয়কে "সামাজিক বীমা" ক্লাস্টারে অন্তর্ভূক্ত করার জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)'র পরবর্তী সভায় এ মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করতে হবে। গ) বাংলাদেশে অভিবাসী কর্মীদের পেনশন ও ইন্স্যুরেন্সের আওতায় আনয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। ঘ) মন্ত্রণালয়ের প্রকল্প গ্রহণ ও বাছাই সংক্রান্ত সভায় NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নিয়মিত আমন্ত্রণ জানাতে হবে।	ক) উপপ্রধান খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NSSS গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NSSS ঘ) পরিকল্পনা অনুবিভাগ

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		ক্ষমতায়ন" ক্লাস্টার ছাড়াও "সামাজিক বীমা" ক্লাস্টারে অন্তর্ভূক্ত করা যেতে পারে। এলক্ষ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)'র পরবর্তী সভায় এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় প্রস্তাব প্রেরণ করতে পারেন। তিনি আরও জানান,এ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণে এ বিষয়টি মডিউল অন্তর্ভূক্ত করা হয়েছে। এ মন্ত্রণালয়ের NSSS কমিটির সদস্য সচিব জনাব শাহীনা ফেরদৌসী, উপসচিব, কল্যাণ অধিশাখাকে মন্ত্রণালয়ের প্রকল্প বাছাই কমিটির সভায় আমন্ত্রণ জানানো হয় বলে তিনি সভাকে অবহিত করেন।		
	ক) অভিবাসনে পিছিয়ে থাকা জেলা চিহ্নিত করে তালিকা প্রণয়ন করতে হবে।	ক) মহাপরিচালক বিএমইটি সভাকে জানান, গত ০২ বছরের বৈদেশিক কর্মসংস্থানের প্রবাহ অনুযায়ী কর্মী অভিবাসনে জয়পুরহাট, কুড়িগ্রাম, শেরপুর, নিলফামারী, ঠাকুরগাঁও, খাগড়াছড়ি, লালমনিরহাট, পঞ্চগড়, রাঙ্গামাটি ও বান্দরবান জেলাসমূহ পিছিয়ে রয়েছে। বৈদেশিক কর্মসংস্থানে অনগ্রসর জেলা সমূহের অবস্থান এগিয়ে নেয়া ও বৈদেশিক কর্মসংস্থানে জেলার অধিবাসীদের অধিকতর অংশগ্রহণের জন্য প্রাথমিক পর্যায়ে কুড়িগ্রাম জেলায় নারী ও পুরুষ কর্মীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ করে অগ্রাধিকার ভিত্তিতে বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে সৌদি আরবের বৃহৎ কোম্পানী ফ্যালকন গ্রুপ এর সাথে পিপিপি মডেলে "কুড়িগ্রাম কর্মসূচি" নামে একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।	ক) অভিবাসনে পিছিয়ে থাকা জেলা চিহ্নিত করে তালিকা প্রণয়ন করে কর্মসূচি গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিএমইটি
	খ) অভিবাসনে পিছিয়ে থাকা জেলার পাশাপাশি দূর্যোগপ্রবণ জেলাগুলো থেকে অভিবাসন বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।	খ) সভাপতি বলেন, দূর্যোগপ্রবণ এলাকাগুলোর TTC গুলোকে PPP এর আওতায় নিতে হবে। মহাপরিচালক বিএমইটি বলেন, রিক্রুটিং এজেন্সিগুলোকে পিছিয়ে থাকা জেলা থেকে বিদেশে কর্মী প্রেরণের জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে। তিনি আরো জানান, জব ফেয়ার এর সময়সীমা কম বলে অনেক রিক্রুটিং এজেন্সি মতামত ব্যক্ত করে থাকেন। জনাব নারায়ন চন্দ্র বর্মা, যুগ্মসচিব বলেন, রিক্রুটিং এজেন্সিকে উদ্বুদ্ধ করার পাশাপাশি পিছিয়ে থাকা জেলা গুলোর জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সভা করা হলে জনগণকে উদ্বুদ্ধকরণ কার্যকর হবে।	খ) দূর্যোগপ্রবণ এলাকাগুলোর TTC গুলোকে PPP এর আওতায় নিতে হবে।	
২.১. ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ক) উপসচিব (সেবা) সভাকে জানান, অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের সফটওয়্যার তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে আছে।	ক) দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ক) যুগ্মসচিব (বাজেট ও সেবা)
	খ) নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	খ) নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৬ অর্জিত হয়েছে কিনা সে বিষয়ে দপ্তর/সংস্থা প্রধান সভাকে অবহিত করেন। নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের গ্রুপভিত্তিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণের নির্দেশনা রয়েছে। সুতরাং এ সপ্তাহের মধ্যে প্রতিবেদন জমা দিতে হবে।	খ) নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের গ্রুপভিত্তিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে।	খ) ইনোভেশন কমিটি, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা
	গ)সভা/সেমিনার/ওয়ার্কশপ/ প্রশিক্ষণ শেষে প্রতিবেদন দাখিলের জন্য একটি ছক	গ) সভা/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ শেষে প্রতিবেদন দাখিলের জন্য 'ছক' প্রস্তুত করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা	গ)সভা/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ শেষে ছক মোতাবেক প্রতিবেদন পরবর্তী ০২ কার্যদিবসের মধ্যে জমা	গ) অতিরিক্ত সচিব (প্রশাসন ও

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	হবে। ২। কোনভাবেই যাতে কোন বিষয় অনিষ্পন্ন না থাকে তা সতর্কতার সাথে খেয়াল রাখতে হবে।	পাওয়া গিয়েছে। উপসচিব (সংস্থা) ০৫ টি অনিষ্পন্ন পত্রের বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন, তার অধিশাখায় ৩/৪ দিন পর চিঠি পৌছায় বলে কাজ শুরু করতে বিলম্ব হয়।	নিশ্চিত করতে হবে।	

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ মামলা সংক্রান্ত	পদ সৃজন সম্পর্কিত সম্মতি সংগ্রহের জন্য অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।	এ মন্ত্রণালয়ের আইসিটি সেলের ০৮টি এবং আইন শাখার ০৪টি পদ সৃষ্টিতে সম্মতি প্রদানের জন্য গত ১৬-১১-২০১৬তারিখের ৪৯.০০.০০০০.০১৫.২৮.০০১.১৪.১১৫০ নং স্মারকে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জবাব পাওয়া গিয়েছে। অর্থ বিভাগ থেকে যে, পৃষ্ঠাঙ্কন চাওয়া হয়েছিল তা অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	পদ সৃজন সম্পর্কিত সম্মতি সংগ্রহের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন উইং
	মামলা নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করে নির্ধারিত ছকে উল্লেখপূর্বক মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মামলা নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করে নির্ধারিত ছকে উল্লেখপূর্বক সমন্বয় শাখায় প্রেরণ করা হয়।	নির্ধারিত ছকে মামলা সংক্রান্ত তথ্যাদি সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩		৪
৪.১. বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান	'প্রবাসবন্ধু' কলসেন্টার নামক পাইলট প্রকল্পের অন্তবর্তীকালীন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	কল্যাণ বোর্ড থেকে এ বিষয়ে প্রতিবেদন পাওয়া গিয়েছে। 'প্রবাসবন্ধু' কলসেন্টার নামক পাইলট প্রকল্পের মেয়াদ জানুয়ারী ২০১৭ এ সমাপ্ত হবে। যে সকল দেশে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী আছে সেসব দেশে কলসেন্টার স্থাপন করার পরিকল্পনা আছে মর্মে কল্যাণ বোর্ড থেকে জানানো হয়।	কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মনিটর করতে হবে।	মহাপরিচালক কল্যাণ বোর্ড
৪.২ মেডিকেল অফিসার নিয়োগ	কল্যাণ বোর্ড থেকে একজন মেডিকেল অফিসার নিয়োগ দিতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এ বিষয়ে সভাকে জনান, বোর্ড থেকে মেডিকেল অফিসার নিয়োগ করতে হলে বোর্ডের অনুমোদন নেওয়া প্রয়োজন। এ বিষয়ে বিকল্প কোন ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা তা পর্যালোচনা করে মতামত দেওয়ার জন্য সভাপতি মহাপরিচালক বিএমইটিকে অনুরোধ করেন।	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আকস্মিক অসুস্থতায় চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিএমইটি

বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১. বোয়েসেলের কার্যক্রম	একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগের বিষয়ে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল বলেন একজন আইটি বিশেষজ্ঞ চাওয়া হয়েছিল কিন্তু এক জন উপসচিবকে বোয়েসেলে পদায়ন করা হয়েছে। তিনি আরও জানান, মাসিক ভিত্তিতে বোয়েসেল থেকে ৪৫০০ জন কর্মী প্রেরণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে ।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-২০১৭ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্রিয় থাকতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

প্রবাসী কল্যাণ ব্যাংক :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংকের মাসিক কার্যক্রমসমূহ এজেন্ডাভুক্ত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক সভাকে জানান, প্রতিষ্ঠাকাল থেকে এ পর্যন্ত প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ২০,৩৬৩ জনকে স্বল্প সুদে ১৮৮ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। ইতোমধ্যে ১১৭ কোটি টাকা আদায় করা হয়েছে। এ ব্যাংকে জনবল সংকট রয়েছে। যেহেতু বাংলাদেশ ব্যাংক থেকে এ সংক্রান্ত নিয়োগ কার্যক্রম পরিচালিত হয় সেহেতু বাংলাদেশ ব্যাংক এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। সভাপতি বলেন,এ ব্যাংকটিকে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের জন্য সকলকে এক যোগে কাজ করতে হবে। তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বানিজ্যিক ব্যাংকে রূপান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১ **আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন** ঃ অভিবাসী দিবস, ২০১৬ ঢাকাসহ একযোগে সারা দেশে অত্যন্ত জাকজমকপূর্ণভাবে উদযাপন করা হয়েছে। এ দিবস উদযাপনের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে তিনি এ দিবস উদযাপনে যেসকল ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে ভবিষ্যতে সেগুলো সংশোধন করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি এ পর্যায়ে সমন্বয় সভার আলোচ্যসূচী থেকে ক্লোজ করা হয়।

৭.২ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কেবিনেট সেক্রেটারী মহোদয়ের প্রেরিত দূর্নীতি দমন বিষয়ে একটি ডিও পত্রের প্রতি সকলের মনোযোগ আকর্ষণ করেন। তিনি পত্রটি সকলকে পাঠ করে শুনান। উক্ত পত্রে সকল দপ্তরে দুর্নীতি দমনের লক্ষ্যে প্রো-এ্যাকটিভ মনিটরিং ব্যবস্থা চালু করার বিষয়ে উল্লেখ করা হয়েছে। সভাপতি বলেন, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্র চিহ্নিত করতে হবে। তিনি এ লক্ষ্যে একটি কমিটি গঠনপূর্বক কর্মপরিকল্পনা তৈরির জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ জানান।

৭.৩ সভায় বার্ষিক বনভোজন আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ অথবা সুবিধাজনক একটি সময়, ভেন্যু নির্ধারণপূর্বক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কে দায়িত্ব প্রদান করা হয়।

২৩/২/১৭

(বেগম শামছুন নাহার)
সচিব